

নিয়োগ বিজ্ঞপ্তি (শুধু মুক্তিযোদ্ধা কোটার জন্য)

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত তৃতীয় ও চতুর্থ শ্রেণীর নিম্নোক্ত স্থায়ী পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত পদের পার্শ্বে বর্ণিত শর্তে সংরক্ষিত মুক্তিযোদ্ধা কোটায় শুধু মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র কন্যার পুত্র কন্যাদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১।	সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)	০৪টি	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী; খ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ এবং বাংলায় ৪৫ শব্দ; গ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ এবং বাংলায় ২৫ শব্দ; ঘ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত।	সকল জেলা
২।	অফিস সহায়ক ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	০৩টি	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	

নিম্নবর্ণিত শর্তগুলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অত্যাবশ্যিকীয়ভাবে অনুসরণীয়:

- ৩১ শে জুলাই, ২০১৬ তারিখে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে।
- সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। তবে সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর পদে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।
- নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:
 - Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ: ১ জুলাই ২০১৬, সকাল-১০:০০ ঘটিকা (স্থানীয় সময়)।
 - Online-এ আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ: ৩১ শে জুলাই ২০১৬, সন্ধ্যা-৬:০০ ঘটিকা (স্থানীয় সময়)।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাতর) ঘণ্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।
- Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০ pixel) ও রজিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।
- Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।
- প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রজিন/সাদা কালো প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।
- SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রজিন/সাদা কালো প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর পদের জন্য ১০০/- টাকা এবং অফিস সহায়ক (এম.এল.এস.এস) পদের জন্য ৫০/- টাকা অনধিক ৭২ (বাহাতর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: ERD<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বর। ফিরতি message এর মাধ্যমে প্রার্থীকে একটি PIN দেওয়া হবে।

দ্বিতীয় SMS: ERD<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বর।

